ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭২০
আগরতলা, ১২ নভেম্বর, ২০২৫

**ঊনকোটিতে ১৩ জনের ডেঙ্গু শনাক্ত, স্বাস্থ্য দপ্তরের তৎপরতা বৃদ্ধি**

ঊনকোটি জেলায় গত ৫ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত মোট ৭০ জনের রক্তের নমুনা পরীক্ষা করা হয়। এরমধ্যে ১৩টি নমুনা পরীক্ষার পর ১৩ জনের রিপোর্ট-এ ডেঙ্গু পজিটিভ পাওয়া গেছে। জেলা স্বাস্থ্য দপ্তর থেকে জানানো হয়েছে যে, আক্রান্তদের মধ্যে দেওরাছড়া এডিসি গ্রামের ৪ জন, সাতলাং গ্রামের ৩ জন, কালাইগিরি গ্রামের ২ জন, শ্রীরামপুর গ্রামের ১ জন, মূর্তিছড়া গ্রামের ১ জন এবং ভদ্রপল্লী গ্রামের ১ জন রয়েছেন। পরিস্থিতি মোকাবিলায় জেলা স্বাস্থ্য দপ্তর দ্রুত পদক্ষেপ নিয়েছে। জেলা স্বাস্থ্য আধিকারিকদের সমন্বয়ে গঠিত একটি বিশেষ দল আক্রান্ত এলাকাগুলি- দেওরাছড়া, সাতলাং, কালাইগিরি, মূর্তিছড়া ও ভদ্রপল্লী গ্রাম পরিদর্শন করেছে। আক্রান্ত এলাকাগুলিতে ইতিমধ্যে ৫টি স্বাস্থ্য শিবির আয়োজন করা হয়েছে। পাশাপাশি, আশাকর্মী ও এমপিডব্লিউরা (MPWs) বাড়ি বাড়ি গিয়ে মশা নিয়ন্ত্রণ ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা প্রচার চালাচ্ছেন। আক্রান্তদের উপর নিয়মিত পর্যবেক্ষণ ও ফলো-আপ কার্যক্রমও চলছে। জেলা স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, সকল ডেঙ্গু আক্রান্ত বর্তমানে চিকিৎসাধীন আছেন এবং তাদের স্বাস্থ্যের অবস্থা স্থিতিশীল ও উন্নতির দিকে। ঊনকোটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****